

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।  
[www.copyrightoffice.gov.bd](http://www.copyrightoffice.gov.bd)

স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১৩৩.১৭ . ১১ ৫৪

তারিখ: ০৯ কার্তিক ১৪২৬  
২৪ অক্টোবর ২০১৯

বিষয়: অক্টোবর/২০১৯ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ অফিসে অক্টোবর/২০১৯ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ননা মোতাবেক ০১ (এক) পৃষ্ঠা।

(জাফর রাজা চৌধুরী)  
রেজিস্ট্রার অফ কপিরাইট  
ফোন: ৯১১৯৬৩২ (অফিস)  
ই-মেইল: registrar@copyrightoffice.gov.bd

সচিব  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কপিরাইট অফিস  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : জাফর রাজা চৌধুরী  
তারিখ ও সময় : ২৪ অক্টোবর ২০১৯, বেলা ১১ : ০০ টা  
স্থান : সভাপতির কক্ষ  
উপস্থিতি : সংযুক্তি “ক”

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই ইনোভেশন টিমের সদস্য সচিব কপিরাইট অফিসের সহকারী প্রোগ্রামার মিজ খাতুনে জান্নাত সভায় নিম্নোক্ত বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেনঃ

- (ক) কপিরাইট অফিসের ইনোভেশন সংক্রান্ত কার্যাবলীর অগ্রগতি;
- (খ) e-Copyright Application System এর সঙ্গে ই-নথির লিংক স্থাপন;
- (গ) ই-ফাইলিং এবং ই-টেন্ডারিং বাস্তবায়ন;
- (ঘ) কপিরাইট রেজিস্ট্রেশনকৃত বিভিন্ন কর্মের ডাটাবেইজ তৈরি;
- (ঙ) কপিরাইট রেজিস্ট্রেশন ফি ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদান;
- (চ) বিবিধ।

৩। আলোচনা:

‘ক’ নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব নিম্নে বর্ণিত তথ্য ও মতামত সভাকে অবহিত করেন:


- (১) কপিরাইট বিষয়ে তাত্ক্ষণিক তথ্য পেতে অফিস চলাকালীন সময়ে যে কেউ +৮৮০১৫১১৪৪০০৪৪ হেল্পলাইন নম্বরে কল করে কপিরাইট বিষয়ে তথ্য পেতে পারেন;
- (২) ই-নথির সঙ্গে ই-কপিরাইট সিস্টেম লিংক স্থাপনের জন্য এটুআইতে পত্র প্রেরণ করা হয়েছে এবং নিয়মিত যোগাযোগ করা হচ্ছে;
- (৩) কপিরাইট রেজিস্ট্রেশনকৃত বিভিন্ন কর্মের ডাটাবেইজ তৈরির কার্যক্রম শুরু করা হয়েছে ;
- (৪) কপিরাইট রেজিস্ট্রেশন ফি ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদানের লক্ষ্যে শিওর ক্যাশ এর সংগে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

‘খ’ নং আলোচ্য বিষয় অনুযায়ী সভায় জানানো হয়। ই-কপিরাইট সিস্টেম এ্যাপ্লিকেশনটির সঙ্গে ই-নথির লিংক স্থাপনের বিষয়ে গত ০৮ অক্টোবর ২০১৮ তারিখে বাংলাদেশ কপিরাইট অফিসে এটুআই, কপিরাইট অফিস ও ইপসিতা কম্পিউটার প্রা: লি: এর প্রতিনিধির সমন্বয়ে এক ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। কিন্তু উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত না হওয়ায় পরবর্তীতে ০৬ ডিসেম্বর ২০১৮ এবং ০৬ মার্চ ২০১৯ তারিখে পুন: পুন: সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ গত ০৭ জুলাই ২০১৯ তারিখে বাংলাদেশ কপিরাইট অফিসে এটুআই, কপিরাইট অফিস ও ইপসিতা কম্পিউটার প্রা: লি: এর প্রতিনিধির সমন্বয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

উল্লিখিত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। ইনোভেশন টিমের কতিপয় কার্যক্রম সফলতার সঙ্গে সম্পূর্ণ করার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনার পর ইনোভেশন টিমের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) কপিরাইট রেজিস্ট্রেশনকৃত বিভিন্ন কর্মের ডাটাবেইজ তৈরির কার্যক্রম দ্রুত শেষ করতে হবে;
- (খ) ই-নথির সঙ্গে ই-কপিরাইট সিস্টেম লিংক স্থাপনের জন্য ইপসিতা কম্পিউটারস প্রা: লি: কে তাগিদ পত্র দিতে হবে;
- (গ) কপিরাইট রেজিস্ট্রেশন ফি ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদানের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(জাফর রাজা চৌধুরী)  
রেজিস্ট্রার অফ কপিরাইট